জনতা ব্যাংক পিএলসি.
Janata Bank PLC.
প্রধান কার্যালয় : জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স : ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৫০১৯৩, বর্ধিত : ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১

মানিলন্ডারিং ও সন্ত্রাসে
অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট
ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪, ৫৫১১০০৩৬

সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডিএন্ডসিইও/২০২৪/১৪৬ তারিখ: ১৮/০১/২০২৪

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার রোধে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ'র) নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন।

প্রিয় মহোদয়,

সকলের প্রতি রইলো ইংরেজি নববর্ষের আন্তরিক শুভেচ্ছা। বৈশ্বিক ও জাতীয় বিরূপ অর্থনৈতিক পরিস্থিতির মধ্যেও আপনাদের আন্তরিক প্রচেষ্টায় জনতা ব্যাংক পিএলসি. ২০২৩ সালের বাৎসরিক সমাপনী কার্যক্রম সফলভাবে সম্পাদন করায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছি।

আপনারা অবগত আছেন যে, বৈশ্বিক আর্থিক ব্যবস্থাপনা এবং বৈদেশিক বাণিজ্যে ব্যাংকিং চ্যানেলে আর্থিক লেনদেনের ক্ষেত্রে বর্তমান বিশ্বে মানিলন্ডারিং একটি অন্যতম গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক বিষয়। ব্যাংক ব্যবস্থাপনায় ৬টি কোর রিস্কের মধ্যে মানিলন্ডারিং অন্যতম কোর রিস্ক।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও সম্প্রতি মধ্যপ্রাচ্য সংকটের ফলে বিশ্ববাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও পণ্য সরবরাহ ব্যবস্থা বাধাগ্রস্থ হওয়ার কারণে অর্থনৈতিক ভারসাম্য বিনষ্টের পাশাপাশি মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারের ঝুঁকি বেড়ে চলছে। এছাড়া বিভিন্ন দেশ, বন্দর, ভেসেল, ব্যক্তি, প্রতিষ্ঠান ও পণ্য প্রভৃতি নতুনভাবে নিষেধাজ্ঞা তালিকায় অন্তর্ভুক্তির ফলে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নে জড়িত অপরাধী চক্র তাদের অপরাধ কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনা করার জন্য প্রতিনিয়ত নতুন নতুন কৌশল অবলম্বন করছে। তথ্য প্রযুক্তির নতুন নতুন উদ্ভাবনকে ব্যবহার করে বিভিন্ন সাইবার ক্রাইম (হ্যাকিং, ভার্চুয়াল কারেন্সির ব্যবসা ইত্যাদি) সংঘটিত করছে।

জাতিসংঘ, দি ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা বিশ্বব্যাপী মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের উৎপাদন ও বিস্তার এবং এর সাথে সম্পৃক্ত অপরাধ প্রতিরোধকল্পে আন্তর্জাতিক মানদণ্ড নির্ধারণ ও সুপারিশমালা প্রণয়ন করেছে। আন্তর্জাতিক সংস্থাসমূহের সক্রিয় সদস্য হিসেবে উক্ত মানদন্ড অর্জন ও সুপারিশসমূহের বাস্তবায়ন ব্যবস্থা সমুন্নত রাখার মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে (এএমএল/সিএফটি) একটি সুসংগঠিত প্রতিরোধ বলয় গড়ে তুলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অঙ্গীকারাবদ্ধ। এ প্রেক্ষিতে সরকার মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২; মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০১৫; সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯; সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন করেছে এবং রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে ব্যাংকসমূহের উপর সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করেছে।

বিএফআইইউ'র বিভিন্ন সার্কুলার/নির্দেশনা/পরামর্শের আলোকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আমরা অংগীকারাবদ্ধ। এ প্রেক্ষিতে এ ব্যাংকের প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে জারিকৃত সার্কুলার/নির্দেশনা মোতাবেক প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের মাধ্যমে প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রেখে মাঠ পর্যায়ে নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদনের জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো :

১. ব্যাংকের প্রধান নির্বাহীর (এমডি এন্ড সিইও) বাৎসরিক অঙ্গীকার ঘোষণা পত্রে বর্ণিত নির্দেশনাসমূহ শাখার সকলকে অবহিতপূর্বক বাস্তবায়ন করতে হবে;

২. প্রধান কার্যালয় কর্তৃক মনোনীত BAMLCO, তাঁর উপর অর্পিত এ সংক্রান্ত দায়িত্ব গুরুত্বের সাথে পালন করবেন;

চলমান পাতা-২

জনতা ব্যাংক পিএলসি.
Janata Bank PLC.
প্রধান কার্যালয় : জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স : ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৫০১৯৩, বর্ধিত : ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১
মানিলন্ডারিং ও সন্ত্রাসে
অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট
ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪, ৫৫১১০০৩৬



সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডিএন্ডসিইও/২০২৪/১৪৬ তারিখ: ১৮/০১/২০২৪

৩. মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স ইত্যাদি বিষয়ে সকল নির্বাহী/কর্মকর্তার সম্যক জ্ঞান থাকতে হবে। উল্লেখ্য, এ ব্যাংকের ওয়েবসাইটে এ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স আপলোডকৃত আছে;

৪. গ্রাহকের হিসাব খোলা, ঋণ প্রদান, বৈদেশিক বাণিজ্য পরিচালনা বা যেকোনো ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে পরিচিতি সম্পর্কিত সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য (Know Your Customer- KYC) সংগ্রহ এবং যাচাইপূর্বক সংরক্ষণ করতে হবে;

৫. যথাযথভাবে KYC সম্পাদন করার জন্য শাখাসমূহের হিসাব খোলার ডেস্কে অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তা বহাল করতে হবে;

৬. শাখার গ্রাহকদের পেশা ও আয়ের সাথে সংগতি রেখে ঝুঁকির ভিত্তিতে যথাযথভাবে হিসাবসমূহ উচ্চ/নিম্ন ঝুঁকিতে শ্রেণীবিন্যাস করতে হবে। উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসাবসমূহের তালিকা প্রণয়ন করত: তা নিয়মিত হালনাগাদ রাখা ও গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা EDD নিশ্চিত করতে হবে;

৭. উচ্চ ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ১ বৎসর পর পর এবং নিম্ন ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ৫ বৎসর পর পর KYC হালনাগাদ করতে হবে। এছাড়া গ্রাহকের যেকোনো তথ্য পরিবর্তন হলে KYC আপডেট করতে হবে;

৮. শাখায় PEPs/IPs/আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোনো হিসাব আছে কিনা তা যথাযথভাবে শনাক্তকরণ এবং এসব হিসাবের ক্ষেত্রে বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯. শাখাসমূহে বিদ্যমান লিগ্যাসী হিসাবের তালিকা প্রণয়ন, যথাযথভাবে কেওয়াইসি সম্পাদন করত: চলমান সকল লিগ্যাসী হিসাব হালনাগাদ করাসহ তথ্য/উপাত্ত যথাযথভাবে শাখায় সংরক্ষণ করতে হবে। KYC হালনাগাদ ব্যতীত এসব হিসাবে লেনদেন করা যাবে না;

১০. নির্ভুলভাবে সঠিক সংখ্যক নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR) দাখিল করতে হবে, শাখা কর্তৃক CTR প্রেরণের পূর্বে সন্দেহজনক লেনদেন হয়েছে কিনা তা যাচাইপূর্বক প্রয়োজনে Suspicious Transaction Report (STR) করতে হবে। এছাড়া গ্রাহকের লেনদেন নিয়মিত মনিটর করতে হবে। কোনো লেনদেন সন্দেহজনক হলে অনতিবিলম্বে সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) দাখিল করতে হবে;

১১. প্রতিটি শাখা কর্তৃক নির্ধারিত চেকলিস্ট (Self Assessment) মোতাবেক ষান্মাসিক ভিত্তিতে নিজেদের শাখার মূল্যায়ন করতে হবে। প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সভা আয়োজনপূর্বক শাখার দুর্বলতাসমূহ চিহ্নিত করতে হবে। শাখার চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভব না হলে তা বিবরণীতে লিপিবদ্ধ করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করতে হবে। ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে শাখার গৃহীত পদক্ষেপ ও সুপারিশসহ বিবরণীটি অভ্যন্তরীণ নিরীক্ষা এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে;

১২. বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক এ ব্যাংকের সকল নির্বাহী ও কর্মকর্তার এএমএল বিষয়ে প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে এ সংক্রান্ত প্রশিক্ষণবিহীন নির্বাহী ও কর্মকর্তাদের জরুরি ভিত্তিতে প্রশিক্ষণ প্রদানের জন্য স্ব স্ব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টে চাহিদাপত্র প্রেরণ করতে হবে;

১৩. ঋণ জালিয়াতি, প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাৎ, স্থানীয় বাণিজ্যের মাধ্যমে অর্থ আত্মসাৎ, বৈদেশিক বাণিজ্যের আড়ালে অর্থ পাচার (TBML), জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক ঘোষিত উচ্চ ঝুঁকির দেশসমূহের সাথে এলসি স্থাপন ইত্যাদি প্রতিরোধের বিষয়ে সবাইকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে;

১৪. নতুন ঋণ প্রস্তাব এবং ঋণের নবায়ন বা ঋণসীমা বর্ধিতকরণের প্রস্তাব সকল পর্যায়ে (শাখা, এরিয়া অফিস, বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট) পর্যালোচনা করতে হবে এবং মানিলন্ডারিং বা অর্থ পাচার সংক্রান্ত কোনো উপাদান পাওয়া গেলে অথবা গ্রাহকের বিষয়ে কোনো নেগেটিভ মন্তব্য (জালিয়াতি, বেনামী প্রতিষ্ঠান, ঋণের অর্থ ফেরতের সক্ষমতা প্রভৃতি) থাকলে লিখিতভাবে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে;

১৫. যে সকল ঋণের পারফরমেন্স ভালো না তা পর্যালোচনাপূর্বক মানিলন্ডারিং, বিদেশে অর্থ পাচার, ভুয়া কাগজপত্র প্রদানসহ জাল জালিয়াতির সংশ্লেষ পাওয়া গেলে অবিলম্বে সন্দেহজনক লেনদেন হিসেবে সরাসরি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট বরাবর রিপোর্ট করতে হবে;

চলমান পাতা-৩

জনতা ব্যাংক পিএলসি.
Janata Bank PLC.
প্রধান কার্যালয় : জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স : ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৫০১৯৩, বর্ধিত : ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১
মানিলন্ডারিং ও সন্ত্রাসে
অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট
ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪, ৫৫১১০০৩৬



সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডিএন্ডসিইও/২০২৪/১৪৬ তারিখ: ১৮/০১/২০২৪

১৬. বিশ্বের মোট মানিলন্ডারিংয়ের ৮০% এর অধিক সংঘটিত হচ্ছে বৈদেশিক বাণিজ্যের মাধ্যমে। ব্যাংকের মাধ্যমে বাণিজ্যভিত্তিক মানিলন্ডারিং যাতে না হয় সে বিষয়ে সকলকে সতর্ক থাকার পাশাপাশি নিম্নবর্ণিত কার্যক্রম অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কোনো অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অবিলম্বে STR প্রস্তুতপূর্বক সরাসরি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে:

- ইমপোর্ট/এক্সপোর্ট এলসি এর আবেদনকারী/বেনিফিশিয়ারির ক্রেডিট রিপোর্ট নিতে হবে এবং Sanction Screening করতে হবে;
- গ্রাহকের বিদ্যমান ব্যবসার সাথে অসংগতিপূর্ণ কোনো এক্সপোর্ট বিল পারচেজ/ইম্পোর্ট এলসি ইস্যু করা যাবে না;
- কোনো শেল ব্যাংকের এলসি গ্রহণ/প্রদান এবং শেল কোম্পানীর এলসি খোলা বা এক্সপোর্ট বিল নেগোশিয়েট করা যাবে না;
- Vessel Tracking এর মাধ্যমে Ship এর অবস্থান যাচাই করতে হবে, যেন নিষিদ্ধ ঘোষিত কোনো বন্দরের মাধ্যমে জাহাজিকরণ সম্পাদিত না হয়;
- ত্রুটিযুক্ত বিল পারচেজ করা যাবে না এবং বিল কালেকশনে প্রেরণের ক্ষেত্রে যথাযথভাবে স্ক্রুটিনী করতে হবে;
- কোনো গ্রাহকের রপ্তানী বিল ওভারডিউ থাকলে উক্ত গ্রাহকের অন্য কোনো বিল পারচেজ করা যাবে না;
- আমদানি/রপ্তানি পণ্যের মূল্য যাচাইয়ের মাধ্যমে আন্ডার/ওভার ইনভয়েসিং হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে;
- পরিবহন সংশ্লিষ্ট ডকুমেন্টস যাচাইয়ের মাধ্যমে আন্ডার/ওভার শিপমেন্ট হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে;
- ভুয়া রপ্তানি কার্যক্রম প্রতিরোধে এলসি কপি পাওয়ার পর ফার্স্ট এ্যাডভাইজিং ব্যাংকের এ্যাডভাইসের সঠিকতা যাচাই না করে রপ্তানিকারককে এলসি এ্যাডভাইস করা যাবে না এবং রপ্তানি বিল অবশ্যই ইস্যুয়িং ব্যাংকে প্রেরণ করতে হবে, রপ্তানিকারকের কাছে হস্তান্তর করা যাবে না;
- হাউস বিএল এর মাধ্যমে বিল নেগোশিয়েট করা যাবে না;
- Policy for Prevention of Trade Based Money Laundering এ বর্ণিত 3-Level Escalation System যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
- T-24 Software এর Trade Finance Module এর মাধ্যমে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত লেনদেন সম্পাদন করতে হবে।

সংশ্লিষ্ট সকলকে স্মরণ রাখতে হবে যে, বর্ণিত কার্যক্রমসমূহ পরিপালনের ক্ষেত্রে কোনো গ্রাহক যেন হয়রানির সম্মুখীন না হয়। উল্লেখ্য, কোনো শাখা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিএফআইইউ এবং এ ব্যাংকের নির্দেশনা পরিপালনে ব্যর্থ হলে শাখা প্রধানসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ একটি জাতীয় ও আন্তর্জাতিক চ্যালেঞ্জ। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে আমরা এ চ্যালেঞ্জ মোকাবেলায় প্রতিশ্রুতিবদ্ধ। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনাদের সকলের দক্ষতা ও আন্তরিক প্রচেষ্টা বাংলাদেশের সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনসহ ব্যাংকের ভাবমূর্তি উজ্জ্বল করবে।

আপনাদের বিশ্বস্ত,

১৮/০১/২৪

মোঃ আব্দুল জব্বার
এমডি এন্ড সিইও